দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 JUL 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

৫৬

## বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ক্ষোভ

এইচ,এস,সি পরীক্ষায় নকল করিতে না দেওয়ার কারণে কয়েকটি কেন্দ্রে শিক্ষক-পরিদর্শকগণ হামলার শিকার হওয়ায় বি,সি এস সাধারণ শিক্ষা সমিতি ক্ষোভ ও উৎকণ্ঠা প্রকাশ করিয়াছে।

(৯ম পৃঃ দ্রঃ)

## বিসিএস

(৩য় পৃঃ পর)

হবিগঞ্জের চুনারুঘাট সরকারী কলেজ, বরিশালের সরকারী সৈয়দ হাতেম আলী কলেজ ও সিটি কলেজ, নড়াইলের বড়দিয়া কলেজ ও মুন্সী মানিক মিয়া কলেজ এবং মেহেরপুরের গাংনী কলেজসহ বিভিন্ন কেন্দ্রে গোলযোগ, বহিষ্কৃত পরীক্ষার্থী কর্তৃক শিক্ষক,, কর্মকর্তা ও কর্মচারীদের উপর হামলা, ভাংচুর, বোমবাজির ঘটনায় সমিতির সভাপতি ডঃ কিউ,এ,টি,এম, হাবিবুর রহমান ও মহাসচিব মোঃ আবু ইউসুফ এক যুক্ত বিবৃতিতে উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেন। তাহারা বলেন, নকল একটি সামাজিক ব্যাধি। জাতিকে রক্ষা করিতে হইলে যে-কোন মূল্যে নকল বন্ধ করিতে হইবে। নকল প্রতিরোধ করার গুরুদায়িত্ব শিক্ষকদের হইলেও শুধু তাহাদের পক্ষে নকল বন্ধ করা সম্ভব নয়। কারণ ছাত্ররা শিক্ষকদের নিয়ন্ত্রণে নাই। ছাত্রদের নিয়ন্ত্রণ করে ছাত্র সংসদ, ছাত্র সংগঠন ও রাজনৈতিক নেতৃবৃন্দ। কলেজ পর্যায়ে ছাত্র রাজনীতি ও ছাত্র সংসদ কিছুদিন বন্ধ রাখিয়া ছাত্রদেরকে শিক্ষকদের নিয়ন্ত্রণে দিয়া দিলে নকল রোধ করা সম্ভব বলিয়া নেতৃদ্বয় মনে করেন। —প্রেস বিজ্ঞপ্তি